

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা।

www.bb.org.bd

এফই সার্কুলার পত্র নং-০৪

তারিখঃ ০৮ মে, ২০২৩

বৈদেশিক মুদ্রায় লেনদেনে নিয়োজিত
সকল অনুমোদিত ডিলার ব্যাংকের
প্রধান কার্যালয়।

প্রিয় মহোদয়,

**আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারা অনুযায়ী “Digital Marketing”
এবং “Advertisement Broadcasting” বিষয়ক স্পষ্টীকরণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে এতদসংযুক্ত জাতীয় রাজস্ব বোর্ডের ১৭/০৪/২০২৩ তারিখের পত্র নম্বর-
০৮.০১.০০০০.০৩৩.২২.০১১.২২.১৯৬ এর প্রতি মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

বর্ণিত বিষয়ে অনিবাসী প্রতিষ্ঠানের অনুকূলে রেমিট্যান্স প্রেরণের ক্ষেত্রে আয়কর অধ্যাদেশ ১৯৮৪ এর ৫৬ ধারার আওতায় ব্যাংকসমূহ কর্তৃক বিভিন্ন গ্রাহকের কাছ থেকে ভিন্ন ভিন্ন হারে কর কর্তন করা হচ্ছে। এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক তাদের ১৭/০৪/২০২৩ তারিখের পত্রের মাধ্যমে Digital Marketing এবং Advertisement Broadcasting সেবাদায় সম্পর্কে স্পষ্টীকরণ করা হয়েছে। এপ্রেক্ষিতে ৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত বর্ণিত সেবার বিপরীতে প্রযোজ্য কর হার অনুসরণ করার নির্দেশনা প্রদান করা হয়েছে। উল্লেখ্য, ইতঃপূর্বে এতদসংক্রান্ত বিষয়ে ভিন্নরূপ ব্যাখ্যা সংবলিত কোন পত্র জাতীয় রাজস্ব বোর্ড হতে জারী করা হয়ে থাকলে তা এই পত্র জারির পর হতে অকার্যকর বলে গণ্য হবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ডের পত্রে উল্লেখ করা হয়েছে।

অনুগ্রহপূর্বক বিষয়টি সংশ্লিষ্ট সকল পক্ষকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ সরোয়ার হোসেন)

পরিচালক (এফইপিডি)

ফোনঃ ৯৫৩০১২৩

সংযোজনীঃ বর্ণনা মোতাবেক

অতিরিক্ত পরিচালক-১,২,৩,৪,৫,৬,৭,৮,৯,১০,১১,১২,১৩,১৪,১৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
[করনীতি উইং]
আগারগাঁও, ঢাকা
www.nbr.gov.bd

২৭/০৪/২৩
৩০-২

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
ডায়রী নং... ৩৬৫৬
তারিখ... ২৭/০৪/২৩

নম্বর: ০৮.০১.০০০০.০৩৩.২২.০০১.২২.১৯৬

তারিখ: ০৪ বৈশাখ, ১৪৩০ বঙ্গাব্দ
১৭ এপ্রিল, ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: আয়কর অধ্যাদেশ এর ধারা ৫৬ অনুযায়ী “Digital Marketing” এবং “Advertisement Broadcasting” বিষয়ক স্পষ্টীকরণ।

সূত্র: বাংলাদেশ ব্যাংকের পত্র নং এফইপিডি(রেমিট্যান্স-২)২(৪)/২০২৩-১৩০৬, তারিখ: ০৯-০৩-২০২৩

উপর্যুক্ত বিষয়ের প্রতি আদিষ্ট হয়ে নিম্নোক্ত স্পষ্টীকরণ করা যাচ্ছে-

ক্রঃনং	সেবার/পরিশোধের ধরণ	সেবার/পরিশোধের বর্ণনা	৩০ জুন ২০২৩ তারিখ পর্যন্ত প্রযোজ্য করহার
১।	Digital Marketing	ইন্টারনেট ব্যবহার করে কোন বিজ্ঞাপন প্রচার করা হলে অর্থাৎ সামাজিক যোগাযোগ মাধ্যমে বা ওয়েবসাইটে কোন বিজ্ঞাপন প্রচার বা কোন কন্টেন্ট এর প্রমোশন বা বিপণন করা হলে তা Digital Marketing হিসেবে গণ্য হবে। কোন টেলিভিশন বা রেডিও চ্যানেলে প্রচারিত কোন কন্টেন্ট বা বিজ্ঞাপন Digital Marketing হিসেবে গণ্য হবে না।	১৫%
২।	Advertisement Broadcasting	কোন টেলিভিশন বা রেডিও চ্যানেলে কোন বিজ্ঞাপন সম্প্রচার হলেই কেবল তা Advertisement Broadcasting হিসেবে গণ্য হবে। ইন্টারনেট ব্যবহার করে কোন বিজ্ঞাপন প্রচার করা হলে অর্থাৎ সামাজিক যোগাযোগ মাধ্যমে বা ওয়েবসাইটে কোন বিজ্ঞাপন প্রচার বা কোন কন্টেন্ট এর প্রমোশন বা বিপণন করা হলে তা Advertisement Broadcasting হিসেবে গণ্য হবে না।	২০%

২। ইতোপূর্বে এতদসংক্রান্ত বিষয়ে ভিন্নরূপ ব্যাখ্যা সংবলিত কোন পত্র জাতীয় রাজস্ব বোর্ড হতে জারী করা হয়ে থাকলে তা এই পত্র জারীর পর হতে অকার্যকর বলে গণ্য হবে।

এ.কে.এম. রমিজুল ইসলাম
অতিরিক্ত পরিচালক
বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ, রেমিট্যান্স পলিসি শাখা-২
বাংলাদেশ ব্যাংক

(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর-১১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড

২৭.০৪.২০২৩